দৈনিক ইনকিলাব

তারিখ 04 JUL 1998
পৃষ্ঠা ৩ কলাম ২

72

সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট

## ছাত্র বেতন ও ফি বৃদ্ধির প্রতিবাদে জাঃ বিঃ ক্যাম্পাসে মিছিল

**প্রেস বিজ্ঞপ্তি :** ছাত্র বেতন ও ফি বৃদ্ধি, বাস বন্ধ, টেলিফোন সার্ভিস সংকোচন এবং গবেষণা খাতে মাত্র ১% বরাদ্দের যে প্রস্তাব জাঃ বিঃ সিনেটে উত্থাপন করা হয়েছে তার প্রতিবাদে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট জাঃ বিঃ শাখার একটি মিছিল গত ২ জুলাই ক্যাম্পাস প্রদক্ষিণ করে এবং মিছিল শেষে প্রশাসনিক ভবনের সামনে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তারা সিনিটের ছাত্র স্বার্থবিরোধী সিদ্ধান্তসমূহের তীব্র প্রতিবাদ ,জানায়। তারা বলেন, সারাদেশের বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে আভ্যন্তরীণ আয় বাড়ানোর নামে ছাত্র বেতন ও ফিসমূহ বৃদ্ধির যে চক্রান্ত চলছে জাহাঙ্গীরনগর বিশ্বিবিদ্যালয়ের সিনেটের বাজেটে তারই প্রতিফলন ঘটেছে। এ ছাড়াও ব্যয় সাশ্রয়ের নামে বাস এবং টেলিফোন সার্ভিস বন্ধ করার প্রস্তাব করা হয়েছে, যা ছাত্রদের শিক্ষার ক্ষেত্রে তীব্র প্রতিবন্ধকতা সৃষ্টি করবে। নেতৃবৃন্দ এসব চক্রান্তের বিরুদ্ধে সচেতন ছাত্র সমাজকে সোচ্চার হওয়ার এবং তীব্র প্রতিরোধ গড়ে তোলার আহবান জানান। সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক ছাত্রনেতা আরিফুল হক এবং বিশ্ববিদ্যালয় শাখার অন্যতম নেতা শাহেদ রেজা সোহেল।